দৈনিক সংবাদ

তারিখ 30 DEC. 1985
পৃষ্ঠা 2 কলাম 1

027

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি বিজ্ঞপ্তি

**(শিক্ষাবর্ষ : ১৯৮৩-৮৪ (ভর্তি বছর ১৯৮৫-৮৬)**

স্নাতকোত্তর শেষভাগে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে সাময়িক ভর্তি ২ ডিসেম্বর, '৮৫ থেকে শুরু হচ্ছে।

১৯৮৩ সম্মান ও স্নাতকোত্তর পূর্বভাগ পরীক্ষা সম্পন্নকারীরা ২ ডিসেম্বর, '৮৫ থেকে স্নাতকোত্তর শেষভাগে সাময়িক ভর্তি হতে পারে।

সাময়িক ভর্তির জন্য জমা টাকা পরীক্ষায় অকৃতকার্য হলে ফেরত দেয়া হবে না।

স্নাতকোত্তর শেষভাগে বিভাগে ক্লাশ শুরু হবে ৮-১-১৯৮৬ হতে। ভর্তি ফরম বিভাগীয় দপ্তরে পাওয়া যাবে।

অনুমোদিত অধিভুক্ত কলেজে যেখানে স্নাতকোত্তর শেষ ভাগ কোর্স আছে উল্লেখিত তারিখ ও সময়, শর্ত সেখানকার জন্যও প্রযোজ্য হবে।

ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রীকে সত্যায়িত কপিসহ নিম্নলিখিত কাগজপত্র একাডেমিক সেকশনে অবশ্যই ভর্তি ফরমের সাথে পেশ করতে হবে, নচেৎ ভর্তির অনুমতি দেয়া যাবে না :

১। ভর্তি ফরমে পাসপোর্ট সাইজ ছবি (২ কপি)।
২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক মূল সার্টিফিকেট।
৩। হল প্রাধ্যক্ষ/কলেজ অধ্যক্ষের মূল টেষ্টিমোনিয়াল অর্থাৎ পরীক্ষায় অংশগ্রহণের সনদপত্র।
৪। সম্মান/পূর্বভাগ পরীক্ষার মূল প্রবেশপত্র।
৫। গত শিক্ষা বৎসরের বেতনের রসিদ (কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের জন্য প্রযোজ্য)।

স্বাঃ/-এম, ও, ফারুক
রেজিষ্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

পি-২৭৮৮